

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৯০০ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ জান্নাতের বিবরণ

## আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الخُدرِيِّ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ إِنَّ اللهَ - عَنَّ وَجَلَّ - يَقُولُ لأَهْلِ الجَنَّةِ : فَيَقُولُونَ : لَبَّيكَ رَبَّنَا وَسَعْدَيْكَ وَالخَيْرُ فِي يَديْكَ فَيقُولُ : هَلْ رَضِيتُم ؟ فَيقُولُونَ : وَمَا لَنَا لاَ نَرْضَى يَا رَبَّنَا وَقَدْ أَعْطَيْتَنَا مَا لَمْ تُعْطِ أَحداً مِنْ خَلْقِكَ فَيَقُولُ : أَلاَ فَيقُولُ : أَلاَ عُطِيكُمْ أَفْضَلَ مِنْ ذَلِكَ ؟ فَيقُولُ : أُجِلُّ عَلَيكُمْ أَعْطِيكُمْ أَفْضَلَ مِنْ ذَلِكَ ؟ فَيقُولُ : أُجِلُّ عَلَيكُمْ رِضْوَانِي فَلاَ أَسْخَطُ عَلَيْكُمْ بَعْدَهُ أَبَداً متفق عليه رضوانِي فَلاَ أَسْخَطُ عَلَيْكُمْ بَعْدَهُ أَبَداً متفق عليه

## বাংলা

(৩৯০০) আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'মহান প্রভু জান্নাতীদেরকে সম্বোধন ক'রে বলবেন, 'হে জান্নাতের অধিবাসিগণ!' তারা উত্তরে বলবে, 'হে আমাদের প্রতিপালক! আমরা হাযির আছি, যাবতীয় সুখ ও কল্যাণ তোমার হাতে আছে।' তখন আল্লাহ তাআলা বললেন, 'তোমরা কি সন্তুষ্ট হয়েছ?' তারা বলবে, 'আমাদের কী হয়েছে যে, সন্তুষ্ট হব না? হে আমাদের প্রতিপালক! তুমি তো আমাদেরকে সেই জিনিস দান করেছ, যা তোমার কোন সৃষ্টিকে দান করনি।' তখন তিনি বলবেন, 'এর চেয়েও উত্তম কিছু তোমাদেরকে দান করব না কি?' তারা বলবে, 'এর চেয়েও উত্তম বস্তু আর কী হতে পারে?' মহান প্রভু জবাবে বলবেন, 'তোমাদের উপর আমার সন্তুষ্টি অনিবার্য করব। অতঃপর আমি তোমাদের প্রতি কখনো অসন্তুষ্ট হব না।' (বুখারী ৬৫৪৯, ৭৫১৮, মুসলিম ৭৩১৮)

## ফুটনোট

(বুখারী ৬৫৪৯, ৭৫১৮, মুসলিম ৭৩১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন